২০২৬

# বাংলা

(সাম্মানিক)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-H-CC-T-14

( সংস্কৃত সাহিত্যের ইতিহাস, ইংরেজি সাহিত্যের ইতিহাস ও লোকসাহিত্য)

[নতুন পাঠক্রম]

[CBCS]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'রামায়ণ'কে কেন্দ্র করে তোমাদের পঠিত কোন্ কোন্ কাব্য রচিত হয়েছে?

খ) 'রঘুবংশম' কোন শ্রেণির মহাকাব্য? এই ধরণের মহাকাব্যের একটি বৈশিষ্ট্য লেখো।

গ) 'মৃচ্ছকটিকম' শব্দের অর্থ কী?

ঘ) T. S. Eliot এর 'The Waste Land' কাব্যের দুটি ভাগের শিরোনাম লেখো।

ঙ) 'Ode To A Nightingale' কবিতাটি কাকে উদ্দেশ্য করে লেখা হয়েছে? তাঁর রচিত আরও একটি Ode এর নাম লেখো।

চ) রচনা হিসেবে 'হর্ষচরিত'-এর ঐতিহাসিক বৈশিষ্ট্য লেখো।

(পরের পাতায়)

ছ) 'ছড়া' শব্দটির আক্ষরিক অর্থ কী? এমন নামকরণের কারণ কী?

জ) এমন দুটি প্রবাদের উল্লেখ করো, যাতে বাংলার সমাজচিত্র প্রতিফলিত হয়েছে।

ঝ) 'Hyperion' কবিতাটি কার লেখা? এর প্রকাশ সাল উল্লেখ করো।

ঞ) মৈমনসিংহ গীতিকা'র একটি পালার নাম করো। সেই পালার দুটি চরিত্রের নাম লেখো।

ট) কবি জয়দেবের বাসস্থান সম্পর্কে আলোকপাত করো।

ঠ) প্রবচন কাকে বলে? অর্থ সহ দুটি উদাহরণ দাও।

ড) 'Lyrical Ballads' কোন সালে প্রকাশিত হয়েছিল? এই গ্রন্থের ভূমিকায় লিরিকের কোন প্রধান দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করা হয়েছে?

ঢ) চার্লস ডিকেন্সের উপন্যাসে উল্লিখিত সমসাময়িক সমাজচিত্রের দুটি বিশিষ্টতা লেখো।

ণ) 'ধাঁ ধাঁ' শব্দটির ভাষাতাত্ত্বিক ব্যাখ্যা করো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ভবভূতির 'মালতীমাধব' নাটক সম্বন্ধে একটি টীকা লেখো।

খ) শেক্সপীয়ারের ট্র্যাজেডির প্রধান বিশেষত্বগুলি লেখো।

গ) টি এস এলিয়টের 'The Wasteland' অবলম্বনে আধুনিক নগর জীবনের অবক্ষয়ের পরিচয় দাও।

ঘ) বাংলা লোকগীতিতে যে পারিবারিক জীবনবোধ উল্লিখিত হয়েছে, সে সম্বন্ধে তোমার মতামত দাও।

ঙ) শূদ্রকের 'মৃচ্ছকটিকম্' নাটকের অভিনবত্বগুলি দেখাও।

চ) বাংলা ছড়ার মধ্যে শিশুর উদ্দেশ্যে রচিত যে কোনো পাঁচটি উল্লেখযোগ্য অংশ নির্দেশ করো।



৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বার্ণার্ড শ-এর নাটকে যে সমাজমনস্কতা প্রতিফলিত হয়েছে, সে সম্বন্ধে তোমার যুক্তিপূর্ণ মতামত দাও।

খ) ধাঁধাঁ কাকে বলে? বাংলা ধাঁধাঁর মধ্যে বাঙালির নিজস্ব জীবনচেতনার উল্লেখ দেখা যায়। সে সম্বন্ধে তোমার বক্তব্য লেখো।

গ) ঔপন্যাসিক হিসাবে চার্লস্ ডিকেন্সের কৃতিত্ব ব্যাখ্যা করো।

ঘ) দৃশ্যকাব্য রচনায় কালিদাসের কৃতিত্ব নিরূপণ করো।

---